Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৬/১১৩

তারিখঃ ০৫ মাঘ ১৪৩২
১৯ জানুয়ারি ২০২৬

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

**বিষয়ঃ দেশের আমদানী-রপ্তানি বাণিজ্য বৃদ্ধি, বিনিয়োগ, শিল্পায়ন ও কর্মসংস্থান গতিশীল করার উদ্দেশ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের জাতীয় বাজেটে সামিষ্টিক অর্থনীতি সহ আয়কর, শুল্ক ও মূল্য সংযোজন কর সম্পর্কিত প্রস্তাবনা/সুপারিশ প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: এফবিসিসিআই এর স্মারক নং-এফবিসিসিআই/অর্থ/বাজেট/২০২৬/১২৫৯, তারিখ: ১১ জানুয়ারি, ২০২৬ (সংযুক্ত)

জনাব

আস্-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থবছরে প্রতিযোগিতামূলক বিশ্ববাজারে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, শিল্পায়ন, কর্মসংস্থান এবং ব্যবসায়িক সক্ষমতা ও তুলনামূলক উৎকর্ষতা বজায় রাখার লক্ষ্যে সুচিন্তিত ও বাস্তবসম্মত প্রস্তাবনা/পরামর্শ আগামী ১০ ফেব্রুয়ারী ২০২৬ তারিখের মধ্যে নিম্নবর্ণিত 'ছক' অনুসারে এফবিসিসিআই-এর নিকট ইমেইল যোগে (secretariat@fbcci.org & parvez.fbcci@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এফবিসিসিআই এর পত্রের কপি এতদ্সঙ্গে (সংযুক্তি আকারে) প্রেরণ করা হলো।

| ক্র. নং | পণ্যের নাম ও এইচ,এস,কোড | বর্তমান অবস্থা | প্রস্তাব/সুপারিশ | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | | | | |

বায়রা'র পক্ষে

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

অনুলিপিঃ (সদয় অবগতি/কার্যার্থে)

১। প্রশাসক, বায়রা, ঢাকা।
২। হেড অব ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স, এফবিসিসিআই, ঢাকা।
৩। নোটিশ বোর্ড (বায়রা ও ডাটাবেজ)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৪। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

BAIRA BHABAN : 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel : +88-02-41032136-38, Fax : +88-02-41032144
E-mail : baira1984@gmail.com, info@baira.org.bd, Web : www.baira.org.bd

FBCCI THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY
THE FEDERATION OF BANGLADESH CHAMBERS OF COMMERCE & INDUSTRY

১১ জানুয়ারী, ২০২৬

এফবিসিসিআই/অর্থ/বাজেট/২০২৬/১২৫৯

বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা
সম্মানিত প্রশাসক ............বাজেট-অগ্রাধীকার
ম্যানেজার/ওএস/এসও/এও/আইটিও/..................
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং ১৩৪
তারিখ ও সময় ১৭/১/২৬
সচিব

**সভাপতি/চেয়ারম্যান**
সকল সদস্য সংস্থা
এফবিসিসিআই।

**বিষয়ঃ দেশের আমদানী-রপ্তানি বাণিজ্য বৃদ্ধি, বিনিয়োগ, শিল্পায়ন ও কর্মসংস্থান গতিশীল করার উদ্দেশ্যে ২০২৬-২০২৭ অর্থবছরের জাতীয় বাজেটে সামষ্টিক অর্থনীতি সহ আয়কর, শুল্ক ও মূল্য সংযোজন কর সম্পর্কিত প্রস্তাবনা/সুপারিশ প্রেরণ প্রসঙ্গে।**

মহোদয়,

দি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি (এফবিসিসিআই)-এর পক্ষ হতে শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, ব্যবসায়ীদের প্রতিনিধিত্বকারী শীর্ষ বাণিজ্য সংগঠন হিসেবে এফবিসিসিআই প্রতি অর্থবছরে দেশের অর্থনৈতিক গতিশীলতা ও বিনিয়োগ বৃদ্ধি, শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টি এবং ব্যবসা-বান্ধব পরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারের নিকট উপযুক্ত সহায়ক আয়কর, শুল্ক ও মূল্য সংযোজন করসহ সংশ্লিষ্ট অন্যান্য প্রস্তাবনা ও পরামর্শ প্রেরণ করে থাকে। প্রসঙ্গত উল্লেখ্য, এফবিসিসিআই এ লক্ষ্যে চেম্বার ও এসোসিয়েশনসমূহের নিকট হতে প্রস্তাবনা ও পরামর্শ আহ্বান করে থাকে, যা পরবর্তীতে সংকলন করে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর), অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগসহ সরকারের বিভিন্ন সংস্থার নিকট উপস্থাপন করা হয়।

এরই ধারাবাহিকতায়, ২০২৬-২৭ অর্থবছরে প্রতিযোগিতামূলক বিশ্ববাজারে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, শিল্পায়ন, কর্মসংস্থান এবং ব্যবসায়িক সক্ষমতা ও তুলনামূলক উৎকর্ষতা বজায় রাখার লক্ষ্যে সুচিন্তিত ও বাস্তবসম্মত প্রস্তাবনা/পরামর্শ আগামী ১০ ফেব্রুয়ারী ২০২৬ তারিখের মধ্যে নিম্নবর্ণিত 'ছক' অনুসারে এফবিসিসিআই-এর নিকট (e-mail: secretariat@fbcci.org & parvez.fbcci@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করছি। আপনার সংগঠনের প্রদত্ত মতামত ও সুপারিশসমূহ জাতীয় অর্থনৈতিক নীতি নির্ধারণ ও প্রণয়নে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করবে বলে আমরা বিশ্বাস করি।

'ছক'

| ক্র. নং | পণ্যের নাম ও এইচ,এস,কোড | বর্তমান অবস্থা | প্রস্তাব/সুপারিশ | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| | | | | |

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত,

১১/০১/২০২৬ ইং
মোঃ আলমগীর
মহাসচিব

অনুলিপি:

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, এফবিসিসিআই।
২. প্রধান বাজেট সমন্বয়কারী, জাতীয় রাজস্ব বোর্ড।

FBCCI ICON
60 Motijheel C/A
Dhaka-1000, Bangladesh

Phone : +88-02-223381470, 223350002
PABX : +88-02-223381233, 223380103
Fax : +88-02-223355902

E-mail : secretariat@fbcci.org
web : fbcci.org